গাংনীতে আগুন পোহাতে গিয়ে দগ্ধ সেই দিনমজুরের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে আগুন পোহাতে গিয়ে দগ্ধ দিনজমুর শাহাদুল ইসলাম (৫০) মারা গেছেন। আজ শনিবার (২০ জানুয়ারি) ভোরে ঢাকা মেডিকেলে কলেজ হাসপাতালে চিকিৎসাধীন তার মৃত্যু হয়।

শাহাদুল ইসলাম কল্যাণপুর গ্রামের তৈমুদ্দীনের ছেলে।গত বুধবার রাত ৯টার দিকে শীত নিবারণের জন্য বাড়ির পাশে আগুন পোহাচ্ছিলেন শাহাদুলসহ কয়েকজন প্রতিবেশী। হঠাৎ আগুন পোশাকে লেগে তার শরীরের অর্ধেক অংশ দগ্ধ হয়। প্রতিবেশীরা তাকে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রয়োজনীয় চিকিৎসার পর উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল এবং পরে ঢাকা মেডিকেলে কলেজ হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসকরা জানিয়েছেন, শাহাদুলের শরীরের অর্ধেক দগ্ধ হয়েছিল।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে স্থানীয় ইউপি সদস্য কাওছার আলী জানান, তার শরীরের অর্ধেক অংশ পুড়ে যাওয়ায় চিকিৎসার জন্য ঢাকায় নেওয়া হয়েছিল। মরদেহ বাড়িতে আনার প্রক্রিয়া চলছে।